Gen/Edn.

দৈনিক সংবাদ

তারিখ 24 OCT 1986
পৃষ্ঠা 1 কলাম 7

10

### জনশিক্ষা মহাপরিচালকের কাছে স্মারকলিপি পেশ

# শিক্ষা উপকরণের দাম অর্ধেক কমান, শিক্ষাবর্ষের শুরুতে বই চাই

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

শিক্ষার বিভিন্ন সমস্যার সমাধানের দাবীতে রাজধানীর কয়েক হাজার স্কুল ছাত্রছাত্রী গতকাল বৃহস্পতিবার এক সমাবেশ অনুষ্ঠানের পর জনশিক্ষা মহাপরিচালকের কাছে একটি ১৪ দফা স্মারকলিপি পেশ করেছে।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগরী শাখার উদ্যোগে সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

### শিক্ষা উপকরণের দাম

(১ম পাতার পর)

অনুষ্ঠিত এই সমাবেশে রাজধানীর বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা যোগ দেয়। তপন ভৌমিক সমাবেশে সভাপতিত্ব করেন। বক্তৃতা করেন ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মো: তাহেরউল্লাহ, মহানগরী শাখার নাসির উদদুজা, শফিকুজ্জামান লুনিক, আতিকুর রহমান সাগর, কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের ফাতেমা নাজনীন, খিলগাঁও মডেল স্কুলের ফারুক বাপ্পী, আদর্শ কমিউনিটি উচ্চ বিদ্যালয়ের সামাউদ্দিন বাবু প্রমুখ।

সমাবেশশেষে ছাত্রছাত্রীরা শিক্ষাভবনে গিয়ে যে স্মারকলিপি প্রদান করে তাতে সকল শিক্ষা উপকরণের দাম অর্ধেক কমানো, শিক্ষাবর্ষের শুরুতে বই সরবরাহ, স্কুলের বেতন কমানো এবং সরকারী-বেসরকারী স্কুলের বৈষম্য দূর করা, স্কুল এলাকার সড়কগুলোতে গতিরোধক বাঁধ নির্মাণ, জাতীয় ঐতিহ্যভিত্তিক গণমুখী শিক্ষানীতি চালু ইত্যাদি দাবী জানানো হয়।